অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/10/2023 **গভর্নর ক্যাথি হোকল**

প্রস্তুতকৃত মন্তব্য: গভর্নর হোকল 2023 স্টেট অফ দ্য স্টেট প্রদান করলেন

"নিউ ইয়র্ক স্বপ্ন অর্জন" এজেন্ডায় রয়েছে আরো সাশ্রয়ী, বাসযোগ্য এবং নিরাপদতর নিউ ইয়র্ক তৈরি করার জন্য 147টি সাহসী উদ্যোগ

"নিউ ইয়র্ক আবাসন কম্প্যাক্ট" কৌশল যা নিউ ইয়র্কের আবাসন সঙ্কট সমাধান করবে, আগামী দশকজুড়ে 800,000 নতুন বাসা নির্মাণ করবে

মানসিক স্বাস্থ্য সেবা জোরদার করতে রূপান্তরকারী পরিকল্পনা, ইনপেশেন্ট মনস্তাত্ত্বিক চিকিৎসার ধারণক্ষমতা 1,000 শয্যা বৃদ্ধি করবে এবং মানসিক অসুস্থতাসহ ব্যক্তিদের সেবায় 3,500 আবাসন ইউনিট যোগ করবে

বন্দুক ও সহিংস অপরাধ হ্রাস করতে মুখ্য জননিরাপত্তা উদ্যোগ ও বিনিয়োগ

বার্ষিক সর্বনিম্ন বেতন এবং মুদ্রাস্ফীতির ইনডেক্স বৃদ্ধি করা, নিউ ইয়র্কবাসীদের জীবনযাত্রার বর্ধিত ব্যয় সম্পর্কে সাহায্য করা

গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ হ্রাস এবং জলবায়ু পরিবর্তনের সাথে লড়াইয়ের জন্য ক্যাপ-এবং-বিনিয়োগ কর্মসূচি

800,000-র বেশি ইউটিলিটি গ্রাহকের জন্য 165 মিলিয়ন মার্কিন ডলার ত্রাণ

নিউ ইয়র্কে চাইল্ডকেয়ারকে আরো সাশ্রয়ী, অ্যাক্সেসিবল, এবং ন্যায্য করার পরিকল্পনা

স্টেট অব দ্যা স্টেট বইটি পাওয়া যাবে এখানে

গভর্নর ক্যাথি হোকল আজকে তার 2023 স্টেট অফ দ্য স্টেট (State of the State) ভাষণ প্রদান করলেন যেখানে নিউ ইয়র্ক স্বপ্ন অর্জন (Achieving the New York Dream) নিয়ে তার পরিকল্পনার রূপরেখা রয়েছে। গভর্নর হোকল এই ভাষণে নিউ ইয়র্ককে আরো সাশ্রয়ী, বাসযোগ্য ও নিরাপদতর করার মুখ্য উপাদানসমূহের রূপরেখা প্রদান করেছেন।

গভর্নরের প্রস্তুত করা মন্তব্য নিচে উপলভ্য:

ধন্যবাদ, লেফটেন্যান্ট গভর্নর ডেলগাডো। আমি নিউ ইয়র্কের মানুষকে সেবাদান করার সময় আপনাকে আমার পাশে পেয়ে গর্বিত। এবং সুন্দর প্রার্থনাটির জন্য আপনাকে ধন্যবাদ, রেভারেন্ড ডাঃ ডব্লিউ. রিচার্ডসন।

এছাড়াও আমি সরকারে আমার অংশীদারদের ধন্যবাদ জানাতে চাই: স্টেট কম্পট্রোলার টম ডিন্যাপোলি। স্টেট অ্যাটর্নি জেনারেল টিশ জেমস। সিনেট সংখ্যাগরিষ্ঠ নেতা অ্যান্ড্রিয়া স্টুয়ার্ট-কাজিন্স। অ্যাসেম্বলির স্পিকার কার্ল হিস্টি। সংখ্যাগরিষ্ঠ নেতা ক্রিস্টাল পিপল-স্টোকস। সংখ্যালঘু নেতা সিনেটর রব ওর্ট। সংখ্যালঘু নেতা অ্যাসেম্বলি সদস্য উইল বার্কলে। নিউ ইয়র্ক আপিল কোর্টের (New York Court of Appeals) বিচারপতিগণ। মেয়র অ্যাডামস এবং স্টেটজুড়ে মেয়রগণ ও কাউন্টি নির্বাহীগণ। প্রাক্তন গভর্নর ড্যাভিড প্যাটারসন। আমার ক্যাবিনেটের সদস্যগণ। শ্রমিকদের প্রতিনিধি ও বিশিষ্ট অতিথিবৃন্দ।

আমার সহকর্মী নির্বাচিত কর্মকর্তাগণ, অবশেষে সশরীরে আপনাদের সাথে চেম্বারে ফেরত আসতে পারা একটি সম্মানের ব্যাপার। মাত্র এক বছর আগে, ওমিক্রন আমাদেরকে দূরবর্তী স্থান থেকে কাজ করতে বাধ্য করেছিলো। আজকে আমি শুধু আপনাদের সাথেই নয়, বরং যাদের সেবাদান করার বিশেষাধিকার আমরা পেয়েছি তাদের সাথেও সরাসরি কথা বলছি।

আমার প্রিয় নিউ ইয়র্কবাসী, তিনটি অত্যন্ত কঠিন, দুঃখজনক, পীড়াদায়ক বছরের পর আমি গর্বের সাথে বলছি যে আমাদের স্টেটের দশা মজবুত, কিন্তু আমাদের কাজ করতে হবে।

গত বছর, অত্যধিক কাঠিন্য ও অনিশ্চয়তার মুখে আমরা টিকে থেকেছি। আমরা বিশ্বকে প্রমাণ করেছি যে নিউ ইয়র্ক ধাক্কা খেয়ে পড়ে যেতে পারে। কিন্তু আমরা সর্বদা, সবসময়, আবার উঠে দাঁড়াই।

সেই কারণে, আমি আগামী বছর ও ভবিষ্যৎ নিয়ে আশাবাদী। আমাদের সামনে বড় কিছু চ্যালেঞ্জ আছে কিন্তু সঠিক কাজের জন্য লড়াই করা সবসময়ই মূল্যবান।

আমি এই উপলব্ধি দ্বারা দৃঢ়সংকল্প যে আমরা যদি এই পরিবর্তনের মুহূর্তে একত্রিত হই, এবং আমরা যারা ক্ষমতায় আছি তারা নিউ ইয়র্কের মানুষের জন্য যা করা দরকার তা করতে পারি, তাহলে আমাদের সম্মিলিত সম্ভাবনা সীমাহীন।

যেমনটি আমি আমার উদ্বোধনী ভাষণে বলেছিলাম: আমরা একত্রিত থাকলে আমাদের কেউ ঠেকাতে পারবে না। এবং যদি যেই পাহাড়ে আমরা এখনো চড়তে পারিনি তার কথা বলি তাহলে আমরা এই বছরে সেখানে যেতে প্রস্তুত কারণ অতীতে আমরা সেই চূড়া ইতিমধ্যে জয় করেছি।

2022 সালে আমাদের অবকাঠামো জোরদার ও হালনাগাদ করতে; একটি বিশ্বমানের গণপরিবহন ব্যবস্থা গঠন করতে; দৃঢ় সরকারি শিক্ষা ব্যবস্থা তৈরি করতে; জলবায়ু পরিবর্তনের মোকাবেলা করতে; আমাদের স্বাস্থ্যসেবা ব্যবস্থা বলীয়ান করতে; আমাদের ক্ষুদ্র ব্যবসাসমূহকে

কোভিড থেকে পুনরুদ্ধার পেতে; এবং স্টেটজুড়ে অর্থনৈতিক বিকাশের সূচনা করতে আমরা ঐতিহাসিক বিনিয়োগ করেছি।

আমরা স্টেটের ইতিহাসের বৃহত্তম বিনিয়োগসমূহ পেয়েছি, যার মধ্যে আছে ইন্টারন্যাশনাল বিজনেস মেশিনস কর্পোরেশনের (International Business Machines Corporation, IBM) থেকে 20 বিলিয়ন মার্কিন ডলার এবং মাইক্রন থেকে 100 বিলিয়ন মার্কিন ডলার, যা 50,000 নতুন চাকরি তৈরি করবে। আমরা মধ্যবিত্ত শ্রেণীর জন্য কর কর্তনকে ত্বরান্বিত করেছি, সম্পত্তির কর রিবেট প্রদান করেছি, এবং পাম্পে মূল্য রেকর্ড পরিমাণ হওয়ায় গ্যাস কর স্থগিত করেছি।

আপনারা 840টির বেশি বিল পাশ করেছেন এবং আমি সেগুলি স্বাক্ষর করেছি। মর্মান্তিক ঘটনা এবং প্লেগের মতো বাড়তে থাকা বন্দুক সহিংসতার সাড়াদান হিসেবে আমরা আমাদের বন্দুক নিরাপত্তা আইন জোরদার করেছি, যা ইতিমধ্যেই দেশের মধ্যে সবথেকে জোরালো ছিলো।

সুপ্রিম কোর্ট যখন রো বনাম ওয়েডের রায় পাল্টে দেয়, তখন নিউ ইয়র্কে প্রজনন সংক্রান্ত স্বাস্থ্যসেবাকে একটি মানবাধিকার হিসেবে বহাল রাখা নিশ্চিত করতে আমরা সাহসী পদক্ষেপ গ্রহণ করেছি।

এবং যদিও আমরা নজিরবিহীন রাজস্ব পেয়েছি, এবং ওয়াশিংটনে আমাদের অংশীদারগণ, সংখ্যাগরিষ্ঠ নেতা শুমার, সিনেটর জিলিব্র্যান্ড ও আমাদের কংগ্রেশনাল ডেলিগেশনের সদস্যদের কল্যাণে অনেক বেশি এককালীন ফেডারেল সহায়তা পেয়েছি।

এছাড়াও আমরা দুর্দিনের জন্য অর্থ সঞ্চয় করে রেখেছি। ফিরে তাকালে সেটিকে একটি বুদ্ধিমান সিদ্ধান্ত বলতেই হবে যেহেতু এক বছর পর বেশিরভাগ অর্থনীতিবিদ একটি মন্দার আশঙ্কা করছেন।

এবং আমরা যে এই বছর আয়কর বৃদ্ধি করবো না তার পেছনে এটিও একটি কারণ। 2022 সালের সমস্যাসমূহের সমাধানে অংশীদার হয়ে থাকার জন্য আমি আইনসভাকে ধন্যবাদ জানাচ্ছি।

আমি শেষবার যখন এখানে এসেছিলাম, তখন নিউ ইয়র্ক স্বপ্ন নিয়ে কথা বলেছিলাম। অনেক প্রজন্ম ধরে বিশ্বের বিভিন্ন স্থান থেকে মানুষ আমেরিকান স্বপ্নের টানে এখানে এসেছে।

আমি আজকে এখানে দাঁড়িয়েছি কারণ আমার পরিবারের সেই স্বপ্ন পূরণ হয়েছিলো। এবং আমি চাই যাতে আরো বেশি নিউ ইয়র্কবাসীর কাছে যাতে আমার পরিবারের মতো সেই সুযোগ থাকে। জনসেবার অর্থই তা।

ফ্র্যাঙ্কলিন ডেলানো রুজভেল্টের (Franklin Delano Roosevelt, FDR) শ্রম সচিব, মহান ফ্রান্সেস পার্কিন্স একবার বলেছিলেন: "একটি সরকারের উদ্দেশ্য হওয়া উচিত এর অধিক্ষেত্রের সকল মানুষকে সম্ভাব্য সেরা জীবন প্রদানের চেষ্টা করা।" এটিই সত্যি।

এটিই হলো আমাদের চাকরি। আমরা এটি করার জন্যই এখানে আছি। এবং আমরা বলতে পারবো না যে আমাদের কাজ শেষ হয়েছে। কারণ যদিও আমরা নিউ ইয়র্কের ইতিহাসের সবথেকে সমৃদ্ধশালী সময়ের জন্য টেবিল সাজিয়ে রেখেছি।

যদি নিউ ইয়র্কবাসীরা আমাদের সম্প্রদায়সমূহে নিজেদের নিরাপদ বোধ না করে, যদি তারা বাসা কিনতে বা ভাড়া দিতে না পারে, তাহলে সেই স্বপ্ন ধরা ছোঁয়ার বাইরেই থেকে যায়।

আমরা ইতিমধ্যে যেই স্টেট ত্যাগের ঘটনা দেখছি তা আমরা অগ্রাহ্য করতে পারি না, চাকরি পাওয়া অনেক কঠিন ছিলো এমন একটি সময় ওয়েস্টার্ন নিউ ইয়র্কে বড় হওয়ার ফলে আমি এটি খুব ভালো করেই বুঝি। আমরা এমনটি আরেকবার হতে দিতে পারি না। সুসংবাদটি হলো: এমন হওয়ার প্রয়োজন নেই।

আমরা আজকে যা নিয়ে আলোচনা করবো তা নিউ ইয়র্ককে আর সাশ্রয়ী, বসবাসযোগ্য, ও নিরাপদতর করার মুখ্য পলিসিসমূহের সারসংক্ষেপ। কীভাবে আমরা তা করার পরিকল্পনা করছি তা আমি বলতে যাচ্ছি।

আমার সর্বপ্রথম অগ্রাধিকার সবসময় যা ছিলো এখনো তাই আছে - নিউ ইয়র্কবাসীকে নিরাপদ রাখা।

এবং এমন একদিনও পার হয়নি যখন আমি এই লক্ষ্যে নিবিড় মনোযোগী ছিলাম না। মহামারী আমাদের স্টেট, দেশ এবং পুরো সমাজেই ব্যাপক ধ্বংসের কারণ হয়েছে। এবং জননিরাপত্তার এর গভীর প্রভাব পড়েছে।

আমাদের দৈনন্দিন জীবনে যেই ব্যাপক অস্বস্তি বাসা বেঁধেছে, সামাজিক বিচ্ছিন্নতা ও অর্থনৈতিক চাপের ফলে দেশব্যাপী অপরাধ এবং বন্দুক সহিংসতা বৃদ্ধি পেয়েছে, যার মোকাবেলা আমরা এখন করছি।

সাড়াদান করার জন্য আমরা নতুন কৌশল গঠন করেছি এবং নতুন কর্মসূচিতে বিনিয়োগ করেছি। আরো কঠোর আইন পাশ করা এবং লুপহোল বন্ধ করার মাধ্যমে আমাদের বন্দুক সহিংসতা প্রতিরোধ আইন জোরদার করা। গোস্ট গান নিষিদ্ধ করা এবং বন্দুক অপরাধে জামিনের যোগ্যতা সম্প্রসারণ করা। বন্দুক পাচারের প্রসিকিউশন কঠিনতর করা। রেড ফ্ল্যাগ (Red Flag) আইন ব্যবহার করা বাধ্যতামূলক করা যার ফলে 5,000টির বেশি মামলায় আমরা এমন মানুষের হাত থেকে বন্দুক সরিয়ে নিয়েছি যাদের হাতে এগুলি থাকা উচিত না এবং নিরীহ মানুষকে আহত হওয়া থেকে রক্ষা করেছি।

সেমি অটোম্যাটিক অস্ত্র ক্রয়ের ক্ষেত্রে সর্বনিম্ন বয়স বাড়িয়ে 21 করা। দেশের প্রথম একটি অবৈধ বন্দুকের 9 স্টেট টাস্কফোর্স শুরু করা যা গত বছরে আমাদের সড়ক থেকে 10,000-র বেশি অবৈধ অস্ত্র সরিয়ে নিয়েছে। এবং বন্দুক সহিংসতা বিঘ্নিত করার কর্মসূচিতে আমাদের বিনিয়োগ তিনগুণ করা।

আমরা স্থানীয় সরকারগুলির সাথে যেই সহযোগিতামূলক কাজ করেছি তা পূর্বে কখনোই করা হয়নি। সাবওয়েতে আর পুলিশ মোতায়েন থেকে শুরু করে, রচেস্টারে প্রতিবন্ধকতা হ্রাস করা পর্যন্ত, যাতে স্টেকহোল্ডারগণ অবশেষে একত্রে কাজ করতে পারে। এবং আমাদের প্রয়াস কাজ করতে শুরু করেছে।

গত বছর আমরা নরহত্যা ও গুলি উভয় ঘটনায় দুই অঙ্কের হ্রাস দেখেছি। কিন্তু আমরা এখনো প্রাক-মহামারী অপরাধ পর্যায়ে ফেরত যাওয়া থেকে অনেক দূরে রয়েছি, তাই আমাদের কাজ শেষ হতে অনেক বাকি। জননিরাপত্তার ক্ষেত্রে জামিন সংশোধনের মতো আরো কোনও বিষয়ে এতো বিতর্কিত আলোচনা হয়নি।

আজকের দিনের বেশিরভাগ রাজনীতির মতোই এই আলোচনাটি দ্রুত দুইটি বিপক্ষ দলের মধ্যকার বিতর্কে পরিণত হয়েছে যার কোনও মধ্যম অবস্থা নেই। কিন্তু আমি বিশ্বাস করি যে বেশিরভাগ মানুষ একাধিক জিনিসে সম্মত হবেন।

প্রথমত, কোনও অপরাধে দোষী সাব্যস্ত হওয়ার পূর্বে ব্যক্তি জেলে বসে থাকবে, নাকি বাড়ি ফিরে যাবে, তা তার ব্যাংক অ্যাকাউন্টের ভিত্তিতে নির্ণীত হওয়া উচিত না।

জামিন সংশোধনের লক্ষ্য তাই ছিলো। এটি নীতিনিষ্ঠ এবং আমি এর সমর্থন করি। দ্বিতীয়ত, মহামারীসহ অনেকগুলি কারণ একত্রিত হয়ে যে জাতীয় অপরাধের ঢেউ তৈরি করেছে, জামিন সংশোধন তার মূল চালক নয়। এবং তৃতীয়ত, বর্তমানে যেই জামিন সংশোধন আইন লেখা হচ্ছে তা ভবিষ্যতে সংশোধন করা সম্ভব।

নিউ ইয়র্কবাসীরা প্রায়শই বলে থাকে যে অপরাধ তাদের মূল উদ্বেগ এবং নেতা হিসেবে আমরা তা অগ্রাহ্য করতে পারি না। এবং তাই, আমার আইনসভার অংশীদারদের বলছি, চলুন এই সম্মিলিত উপলব্ধি শুরু করা যাক এবং আইনে আমরা কী উন্নয়ন করতে পারি সেই ব্যাপারে বাজেট প্রক্রিয়ায় চিন্তাশীল আলোচনা করা যাক।

আমরা অবশ্যই এটি জানি যে আমাদের জামিন আইন পরিবর্তন করলে তা স্বয়ংক্রিয়ভাবে অপরাধের হার হ্রাস করবে না। এছাড়াও, শিক্ষা, আবাসন, ও মানসিক স্বাস্থ্যে আমরা যে রেকর্ড পরিমাণ বিনিয়োগ করছি, তার সবই সম্প্রদায়সমূহকে স্থিতিশীল করতে এবং ঐতিহাসিক অসমতা দূর করতে ব্যবহৃত হবে। এইসব বিনিয়োগ অবশ্যই অব্যাহত রাখতে হবে।

এছাড়াও আমি স্টেটের বন্দুক সম্পর্কিত সহিংসতা নির্মূল উদ্যোগে (Gun Involved Violence Elimination, GIVE) সর্বকালের সর্বোচ্চ বিনিয়োগের প্রস্তাবনা করছি, এটি বন্দুক সহিংসতা দ্বারা সবথেকে বেশি আক্রান্ত সম্প্রদায়সমূহে জীবন রক্ষা করে। সহজভাবে বললে, আমরা সেখানে বিনিয়োগ করছি যেখানে আমরা জানি যে কাজ হবে।
বাফেলোতে গুলির ঘটনা 32 শতাংশ হ্রাস পেয়েছে। লং আইল্যান্ডে তা 29 শতাংশ হ্রাস পেয়েছে। ওয়েস্টচেস্টারে তা 27 শতাংশ হ্রাস পেয়েছে - এর সবগুলিই GIVE অধিক্ষেত্র।

এছাড়াও আমাদের সম্প্রদায়সমূহে সহিংস অপরাধের বিরুদ্ধে লড়াইয়ে আরো সরাসরি ভূমিকা পালনের জন্য আমি স্টেট পুলিশকে নির্দেশ দিয়েছি। তাই আমরা স্টেটজুড়ে 25টি সম্প্রদায়ে স্টেট পুলিশ সম্প্রদায় স্থিতিশীলকরণ ইউনিট (State Police Community Stabilization Units) বিস্তৃত করতে যাচ্ছি।

মানুষকে নিরাপদ রাখার জন্য ও তাদের সুস্থতা সুরক্ষিত রাখতে নিউ ইয়র্কের মানসিক স্বাস্থ্য সেবা ব্যবস্থা ঠিক করা অত্যাবশ্যকীয়, এবং তা অনেক আগেই হওয়া উচিত ছিলো।

এমনকি কোভিডের পূর্বেও, মানসিক অসুস্থতার হার বেড়ে চলেছিলো। এবং মহামারী আসার পর থেকে, প্রতি তিন জন নিউ ইয়র্কবাসীর মধ্যে একজনের বেশি কোনও না কোনও ধরনের মানসিক স্বাস্থ্য সেবার সন্ধান করেছে, বা এমন কাউকে চিনে যে এটি সন্ধান করেছে।

তাদের মধ্যে অনেকেই তা পায়নি। প্রতিবন্ধকতাগুলি সীমাহীন মনে হচ্ছে। বাড়ির কাছে কোনও অ্যাপয়েন্টমেন্ট উপলভ্য নেই। এই চিকিৎসা বীমার আওতাধীন নয়। হাসপাতালে মনস্তাত্ত্বিক শয্যার জন্য অপেক্ষা দীর্ঘ।

ফলস্বরূপ, মানুষকে নীরবে ভুগতে হয়েছে। চিকিৎসা না পেলে অসুখ বেড়ে যায়। এবং সেজন্য মানসিক অসুস্থতায় ভুগতে থাকা মানুষের সংখ্যা যে বেড়ে চলেছে তাতে অবাক হওয়ার কিছু নেই।

আমরা দীর্ঘদিন ধরে মানসিক স্বাস্থ্য সেবায় প্রয়োজনের কম বিনিয়োগ করেছি এবং পরিস্থিতিকে এতো সংকটপূর্ণ হতে দিয়েছি যে তা একটি জননিরাপত্তা সঙ্কটে পরিণত হয়েছে।

নিউ ইয়র্কবাসীরা সাবওয়েতে বা সড়কে সাহায্যের প্রয়োজন আছে এমন ব্যক্তিদের, নিজেদের যথাযথ যত্ন নিতে অক্ষম ব্যক্তিদের, অন্যদের ও নিজেদের ক্ষতি করতে পারে এমন ব্যক্তিদের, এবং অপরাধের শিকার হওয়ার ঝুঁকিগ্রস্ত ব্যক্তিদের দেখে উদ্বিগ্ন হয়ে যায়।

আমি ঘোষণা করছি যে এই ব্যক্তিদের চাহিদা অগ্রাহ্য করার দিন শেষ। কারণ সরকারের নেতৃবৃন্দ হিসেবে আমাদের সাফল্য নির্ভর করবে আমাদের সকল নাগরিককে উত্থিত ও সমর্থন করার সক্ষমতার উপর।

আজকে মানসিক স্বাস্থ্য সেবার ক্ষেত্রে আমাদের স্টেটের বদলে যাওয়ার সূচনা। কেউ যাতে বাদ না পড়ে তা নিশ্চিত করার জন্য এটি একটি যুগান্তকারী পরিবর্তন। এটি 1970 দশকের ডিইন্সটিটিউশনালাইজেশনের পর থেকে সবথেকে বড় পরিবর্তন।

আমি ঘোষণা করতে পেরে গর্বিত যে আমরা 1 বিলিয়ন মার্কিন ডলারের বেশি বিনিয়োগ করবো এবং অতি গুরুত্বপূর্ণ পলিসি পরিবর্তন করবো যার ফলে অবশেষে আমাদের স্টেটের মানসিক স্বাস্থ্য চাহিদা পূরণ করা হবে।

বর্তমানে, মারাত্মক মানসিক অসুস্থতা বা আসক্তিতে ভুগতে থাকা প্রায় 3,200 নিউ ইয়র্কবাসী সড়কে বা সাবওয়েতে বাস করছে।

একই সময়ে, আমাদের ইনপেশেন্ট মনস্তাত্ত্বিক শয্যা ও আউটপেশেন্ট সেবার পর্যায় পর্যাপ্ত নয়।

আমরা 1,000টি ইনপেশেন্ট শয্যা যোগ করবো, স্টেট ফ্যাসিলিটিগুলিতে 150টি নতুন শয্যার অর্থায়ন করবো এবং হাসপাতালগুলিতে 850 শয্যা পুনরায় অনলাইন করবো। এটি হলো 2014 সাল থেকে আমরা যেই শয্যা হারিয়েছি তার অর্ধেকের বেশি এবং এগুলি প্রতিবছর 10,000-র বেশি নিউ ইয়র্কবাসীকে সেবাদান করবে। এই পদক্ষেপ আরো অনেক আগেই গ্রহণ করা উচিত ছিলো।

গত বছর, মনস্তাত্ত্বিক শয্যাকে সম্পূর্ণ সম্ভব করার জন্য আমাদেরকে হাসপাতালের ব্যয়পূরণ হার বৃদ্ধি করতে বলা হয়েছিলো। আমরা তা করেছি, এবং আরো বৃহত্তর ব্যয়পূরণের জন্য 27.5 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করেছি। তবুও সেইসব শয্যার মধ্যে কয়েক শত অফলাইন রয়েছে। এটি গ্রহণযোগ্য নয়।

তাই আমরা এখন সেইসব শয্যা অনলাইনে আনতে জোর প্রদান করবো, এবং এইসব উদ্দেশ্য পূরণ নিশ্চিত করার জন্য মানসিক স্বাস্থ্য অফিসকে (Office of Mental Health) আরো বেশি কর্তৃত্ব প্রদান করার চেষ্টা করবো। এটি নৈতিকভাবে অপরিহার্য, এবং এটি জননিরাপত্তার জন্য অপরিহার্য।

এছাড়াও আমরা এমন সেবায় বিনিয়োগ করবো যা রোগীদেরকে তাদের ও তাদের সম্প্রদায়ের জন্য নিরাপদভাবে পুনরায় সম্প্রদায়ে প্রবেশ করতে দিবে, যাতে আরো যথাযথ আউটপেশেন্ট সেবা উপলভ্য না থাকার কারণে আমাদের ইনপেশেন্ট শয্যাগুলি আটকে না থাকে।

আমরা জানি যে প্রতিরোধ ও নিরাময় উভয়ের জন্য সমর্থক আবাসন প্রয়োজনীয়। সেজন্য আমার পরিকল্পনায় 3,500-র বেশি আবাসিক ইউনিট অন্তর্ভুক্ত, যা নিবিড় মানসিক স্বাস্থ্য সেবা দ্বারা সমর্থিত হবে।

এবং আমরা নিশ্চিত করবো যাতে রোগীরা এক ধরনের সেবা থেকে অন্য ধরনের সেবায় যেতে পারে, কেউ বাদ না পড়ে। আমাদের পরিকল্পনা অনুযায়ী ফ্যাসিলিটিগুলি উচ্চ ঝুঁকিগ্রস্ত রোগীদেরকে নিবিড় র‍্যাপঅ্যারাউন্ড সেবায় ডিসচার্জ করবে।

এবং আমি এমন বিধিমালা প্রস্তাব করবো যা বীমা কোম্পানিগুলিকে অতি গুরুত্বপূর্ণ মানসিক স্বাস্থ্য সেবা প্রত্যাখ্যান করা থেকে নিষিদ্ধ করবে।

পরিশেষে, আমরা আমাদের শিশুদের উপর মনোযোগ প্রদান করবো। কারণ অনেক বেশি স্কুল কোনও মানসিক স্বাস্থ্য সমর্থন প্রদান করে না। আমাদের শিশুদের এখন প্রতিরোধক সেবা প্রয়োজন যা তাদের ভবিষ্যতে নিবিড় সেবার প্রয়োজন এড়াতে দিবে।

আমাদের উদ্দেশ্যে হলো আগামী পাঁচ বছরের মধ্যে শিশুদের মানসিক স্বাস্থ্য অপূর্ণ চাহিদা অর্ধেকে নামিয়ে আনা।

অর্থাৎ আচরণগত সমস্যাসহ শিশু, বা বিষণ্নতায় ভুগতে থাকা এখন প্রাপ্তবয়স্কের কেউই স্ক্রিনিং, বা ডাক্তারের অ্যাপয়েন্টমেন্ট বা কাউন্সেলিংয়ের সুযোগ থেকে বঞ্চিত হবে না। এবং খরচ কখনোই প্রতিবন্ধকতা হওয়া উচিত না।

এর মধ্যে আসক্তিতে, বিশেষ করে আফিম আসক্তিতে ভুগতে থাকা ব্যক্তিদের সেবাও অন্তর্ভুক্ত। আমার পরিবারের মতো আরো বহু পরিবারকে একজন প্রিয়জন হারানোর বেদনার সহ্য করতে হয়েছে।

সেজন্যই আমরা ফেডারেল ও স্থানীয় অংশীদারদের সাতে মিলে আমাদের সম্প্রদায়ে অবৈধ মাদকের প্রবাহ বন্ধ করতে এবং জাইল্যাজিনের মতো নতুন প্রাণঘাতী সংযোজক বন্ধ করতে আরো কাজ করবো। যেসব স্থানীয়রা ফেন্টানিল সরবরাহকারী বন্ধ করতে কাজ করছে আমরা তাদের সংস্থান প্রেরণ করবো।

প্রাণঘাতী সংযোজক ব্যবহারের পূর্বেই সনাক্ত করতে পারে এবং ওভারডোজ বদলে দিতে পারে এমন প্রযুক্তির সম্প্রসারণ আমরা অব্যাহত রাখবো। এবং আমরা নতুন আন্তঃএজেন্সি টাস্কফোর্স তৈরি করবো যারা সকল সম্ভাব্য সমাধান নিরীক্ষা করবে। কারণ আমাদেরকে অবশ্যই এই সঙ্কটকে প্রয়োজনীয় তাগিদের সাথে সমাধান করতে হবে।

শুরুতেই আমি বলেছি যে আমাদেরকে অবশ্যই নিউ ইয়র্কবাসীদের জীবনযাত্রার মান উন্নত করতে হবে। কিন্তু জীবনযাত্রার ব্যয়ের ব্যাপারে কথা না বলে আমরা জীবনযাত্রার মান নিয়ে কথা বলতে পারি না। মুদ্রাস্ফীতি বেড়ে চলেছে, পরিবারের প্রয়োজনীয় সকল পণ্যের দ্রব্যমূল্য বেড়ে চলেছে। এবং তার উপর মাসিক ভাড়া বা মর্টগেজ পরিশোধ করা, এটি সত্যিই দুর্বহ।

তো আসুন সকলের সর্ববৃহৎ ব্যয় নিয়ে কথা বলি: আবাসন। আমি আমার নিজের পরিবারের গল্পের কথা ভাবি। আমার পিতামাতা তাদের বিবাহিত জীবন শুরু করেছিল একটি ট্রেইলার পার্কে। আমার বাবার স্টিল প্ল্যান্টের বেতন দিয়ে তারা একসময় একটি ছোট দোতলা ফ্ল্যাটে বাস করতে সক্ষম হয়। এবং সেখান থেকে তারা সঞ্চয় করে একটি ছোট কেপ কড বাড়ি কিনতে পারে।

আমরা বড় হচ্ছিলাম আর বাবাকে চাকরি পরিবর্তন করতে দেখছিলাম। আমার পিতামাতার বাড়ি ক্রয়ক্ষমতার অগ্রগতির মধ্যে দিয়ে আমি তাদের সাফল্য দেখেছি। তারা জানতেন যে আবাসনের গুরুত্ব কত বেশি, এবং তারা পরিবর্তনের জন্য লড়াই করতে শিখিয়ে আমাদের বড় করেছেন।

তারা সক্রিয়তাবাদী ছিলেন, এবং তারা "হাউজিং অপর্চুনিটিজ মেড ইক্যুয়াল (Housing Opportunities Made Equal)" নামের একটি সংগঠনে স্বেচ্ছাসেবক হিসেবে কাজ করেছেন এমন একটি স্থান ও সময়ে যেখানে তা বিতর্কিত ছিলো।

তারা বুঝেছিলেন যে সমাজকে এর সম্পূর্ণ সম্ভাবনায় পৌঁছে দেওয়ার জন্য, আবাসনের সমান অ্যাক্সেস আবশ্যিক।

কারণ যদি সকল মানুষের জন্য তারা সংগ্রাম করবে

যদি পরিস্থিতি বেশি খারাপ হয়, তাহলে তারা সুযোগের সন্ধানে অন্য স্থানে চলে যায়।

গত দশ বছর ধরে আমাদের স্টেট 1.2 মিলিয়ন কর্মসংস্থান কিন্তু মাত্র 400,000 নতুন বাসা তৈরি করেছে। অনেক কারণে এই পরিস্থিতি সৃষ্টি হয়েছে।

কিন্তু মূল কারণ হল স্থানীয় জমিগুলি এমন পলিসি ব্যবহার করে যা দেশের মধ্যে সর্বাধিক সীমাবদ্ধ। জোনিংয়ের মাধ্যমে, স্থানীয় সম্প্রদায়গুলির কাছে বিকাশ বন্ধ করার ব্যাপক ক্ষমতা রয়েছে।
বহু পরিবারের বাসা তৈরিতে সম্পূর্ণ নিষেধাজ্ঞা এবং কঠিন জোনিং ও অনুমোদন প্রক্রিয়া মিলিত হয়ে, নতুন বাসা তৈরি কঠিন, এমনকি অসম্ভব করে তোলে।

ভেবে দেখুন।মানুষ এখানে বাস করতে চায়, কিন্তু বিকাশ সীমাবদ্ধ করার স্থানীয় সিদ্ধান্তের কারণে তারা তা পারছে না। স্থানীয় সরকারসমূহের ভিন্ন বিকল্প গ্রহণ করতে পারা ও করা উচিত।

আমি 14 বছর স্থানীয় সরকারে কাজ করেছি এবং আমাদের সম্প্রদায়ের একটি নাগরিক চালিত মহাপরিকল্পনা ছিলো যা সবুজ স্থান রক্ষা করে অভীষ্ট আবাসন ও অর্থনৈতিক বিকাশের অনুমতি প্রদান করতো। আমি জানি এটি করা সম্ভব।

কিন্তু এটি হয়নি। 2010 থেকে 2018 সালের মধ্যে, নাসাউ, সাফোক, ওয়েস্টচেস্টার, এবং পাটন্যাম, প্রতিটি কাউন্টি নিম্নোক্ত স্টেটগুলির প্রায় সকল সবার্বান কাউন্টির তুলনায় পার ক্যাপিটা অপেক্ষাকৃত কম ভবনের অনুমতি প্রদান করেছে: ম্যাসাচুসেটস, কাইনেটিকাট, সাউদার্ন ক্যালিফোর্নিয়া, নিউ জার্সি, পেনসিলভ্যানিয়া, এবং নর্দার্ন ভার্জিনিয়া।

এবং নিউ ইয়র্ক সিটির ক্ষেত্রে, অন্যান্য মেট্রো এলাকাসমূহ আমাদের তুলনায় দুই বা চারগুণ বেশি হরে নতুন আবাসন তৈরি করছে। বোস্টনের হার প্রায় দ্বিগুণ। ওয়াশিংটন ডিসির তিনগুণ। সিয়াটলের চারগুণ।

সরবরাহ কম থাকলে চাহিদার কারণে মূল্য বৃদ্ধি পায়। এবং এর ফলে কারা ভুক্তভোগী হয়? মধ্যবিত্ত পরিবারসমূহ ও নিম্ন আয়ের পরিবারসমূহ।

সেজন্য গভর্নর হওয়ার পর থেকে, আবাসন আমার এজেন্ডার একটি সম্মুখসারির ও কেন্দ্রীয় অংশ হয়ে আছে। গত বছর আমরা একত্রে যেই বাজেট পাশ করেছি, সেখানে 100,000টি সাশ্রয়ী বাসা তৈরি ও সংরক্ষণের জন্য একটি পাঁচ বছরের 25 বিলিয়ন মার্কিন ডলারের পরিকল্পনা রয়েছে, যা আমাদের স্টেটের ইতিহাসের সর্ববৃহৎ একক আবাসন বিনিয়োগ।

নিউ ইয়র্ক সিটি সরকারি আবাসন সংরক্ষণ ট্রাস্ট (New York City Public Housing Preservation Trust) তৈরির মাধ্যমে আমরা নিউ ইয়র্ক সিটি আবাসন কর্তৃপক্ষের (New York City Housing Authority, NYCHA) জন্য কয়েক বিলিয়ন মার্কিন ডলার উন্মোচিত করেছি। আমরা 25 মিলিয়ন মার্কিন ডলারের উচ্ছেদ প্রতিরোধ আইনি সহায়তা কর্মসূচি (Eviction Prevention Legal Assistance Program) তৈরি করেছি, যা নিশ্চিত করবে যে দুঃস্থ ভাড়াটিয়াদের জন্য আদালতে তাদের প্রাপ্য প্রতিনিধি থাকবে। আমরা বাড়ির মালিকদের সহায়তা তহবিলে (Homeowner Assistance Fund) 539 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করেছি এবং 100 মিলিয়ন মার্কিন ডলার ভাড়া সম্পূরক উপলভ্য করেছি।

অনেক কিছু একত্রে অর্জন করা হয়েছে, এবং আবাসনকে অগ্রাধিকার প্রদানের জন্য আমি নেতা অ্যান্ড্রিয়া স্টুয়ার্ট-কাজিন্স ও স্পিকার কার্ল হিস্টিকে ধন্যবাদ জানাচ্ছি।

তারা এটি সঠিকভাবে উপলব্ধি করেছেন যে আমাদের অনেক মানুষ বাসা বলার মতো একটি স্থান পেতে সংগ্রাম করছে, এবং তারা সাহসী নেতৃত্বের জন্য আমাদের দিকেই তাকিয়ে আছে। সিদ্ধান্তমূলক পদক্ষেপের প্রয়োজন এখনই।

আজকে আমি নিউ ইয়র্ক আবাসন কম্প্যাক্ট (New York Housing Compact) উপস্থাপন করতে পেরে গর্বিত, এটি আমাদের সম্প্রদায়সমূহের সমৃদ্ধির জন্য আমাদের প্রয়োজনীয় আবাসন বিকাশের অনুঘটকের জন্য একটি যুগান্তকারী কৌশল। আমাদের অর্থনীতির বিকাশের জন্য। এবং আমাদের স্টেট সমৃদ্ধির জন্য।

কম্প্যাক্টটি পলিসি পরিবর্তনের একটি বিস্তৃত মেনু একত্রিত করে যা সার্বিকভাবে আগামী এক দশকে 800,000 নতুন বাসার উচ্চাকাঙ্ক্ষী লক্ষ্য পূরণ করবে।

কম্প্যাক্টটি আমাদের প্রয়োজনীয় বিকাশের জন্য স্পষ্ট প্রত্যাশা স্থির করে দেয় এবং একইসাথে স্থানীয়দের সেই বিকাশ উদ্দীপিত করার জন্য প্রচুর হাতিয়ার, নমনীয়তা ও সংস্থান প্রদান করে।

স্টেটজুড়ে প্রতিটি স্থানীয় এলাকা নতুন বাসা তৈরির একটি লক্ষ্য পাবে। আপস্টেটে এই লক্ষ্য হবে প্রতি তিনবছরে বর্তমান আবাসন মজুদকে 1 শতাংশ বৃদ্ধি করা। ডাউনস্টেটে তা হবে প্রতি তিনবছরে 3 শতাংশ বৃদ্ধি করা।

স্টেটজুড়ে বহু স্থানীয় এলাকা ইতিমধ্যে এই লক্ষ্য পূরণ করছে। অন্য অনেকের তা পূরণে সামান্য ঘাটতি রয়েছে।

এবং আমাদের ছোট টাউন ও গ্রামে, মাত্র কয়েকটি বাসা তৈরি করা হলেই সেই লক্ষ্য পূরণ হবে। কিন্তু বাস্তব হলো এই যে কিছু সম্প্রদায়ে আমাদের প্রয়োজনীয় আবাসন তৈরি করার জন্য সত্যিকারের পরিবর্তন আনতে হবে।

এটি সকলের জন্য এক পন্থা নয়। স্থানীয় সরকারগুলি যেভাবে ইচ্ছা সেভাবে এই লক্ষ্যে পৌঁছাতে পারবে এবং কীভাবে তারা ভবন ধারণক্ষমতা বৃদ্ধি করবে তার উপায় বের করতে

পারবে, যেমন পুরনো মল ও অফিস পার্কের পুনর্গঠন, নতুন আবাসন নির্মাণে প্রণোদনা, বা প্রতিবন্ধকতা হ্রাস করতে জোনিং নিয়ম সংশোধন করা।

আমরা জানি এটি বড় একটি চাওয়া। এবং সেজন্যই স্থানীয় এলাকাগুলি এই একই উদ্দেশ্য অর্জনে স্টেটের সাহায্য পাবে। বিকাশমান সম্প্রদায়সমূহের সমর্থনের জন্য প্রয়োজনীয় স্কুল, রাস্তা, এবং সিউয়ারের মতো অবকাঠামোর জন্য আমরা টেকসই নতুন তহবিল প্রদান করবো।

এবং আমরা প্রকল্পসমূহের দ্রুত অগ্রগতির জন্য লাল ফিতা কর্তন করবো এবং একইসাথে আমাদের সম্প্রদায়সমূহের স্বাস্থ্য, নিরাপত্তা, এবং পরিবেশের সুরক্ষাও করবো।

কিন্তু যদি কোনও বৈধ কারণ ছাড়া প্রস্তাবিত আবাসন প্রকল্পগুলি বন্ধ হয়ে থাকার পরেও যদি সম্প্রদায়সমূহ কোনও শুদ্ধমতি প্রয়াস গ্রহণ না করে, তাহলে স্টেট একটি নতুন দ্রুত অনুমোদন প্রক্রিয়া বাস্তবায়ন করবে।

কারণ সঙ্কটের সময় কিছু না করা হলে তা আমাদের দায়িত্বকে অস্বীকার করা হবে। এছাড়াও আবাসন কম্প্যাক্ট পরিবহন অভিমুখী বিকাশে নিবিড় মনোযোগ প্রদান করবে। আমরা সকলেই জানি যে নিউ ইয়র্ক সিটি মেট্রো অঞ্চলের প্রাণশক্তি হলো মেট্রোপলিটন পরিবহন কর্তৃপক্ষ (Metropolitan Transportation Authority, MTA), এবং আমরা এর দীর্ঘমেয়াদি আর্থিক স্বাস্থ্য নিশ্চিত করতে বিনিয়োগ করে যাবো।

আমাদের বিশ্বমানের কমিউটার রেললাইনে আমাদের বিনিয়োগ আরো বেশি মানুষকে চাকরির সাথে যুক্ত করে দিয়েছে এবং আরো সমৃদ্ধশালী ডাউনটাউন গঠন করেছে।

সেজন্য সেই একই এলাকায় নতুন আবাসন নির্মাণ অর্থপূর্ণ হবে। সেজন্য বিশ্বজুড়ে শহরগুলিতে এমনটিই হয়ে থাকে।

তাই কম্প্যাক্টের অংশ হিসেবে একটি ট্রেন স্টেশনসহ সকল মিউনিসিপ্যালিটি স্টেশনের অর্ধমাইল জুড়ে এলাকাকে রিজোন করবে, যাতে আগামী তিন বছরের মধ্যে সেখানে নতুন আবাসন তৈরি করা যায়।

পরিশেষে, বাস্তবতা হলো নিউ ইয়র্ক সিটিতে 421a কর্মসূচির মতো প্রণোদনা ব্যতীত আমরা আবাসনের চাহিদা পূরণ করতে পারবো না। এটি ছাড়া নির্মাতারা শুধুই কন্ডোমিনিয়াম গঠন করতে বা অন্য স্থানে নির্মাণ করতে পারবে, যা আমাদের কাঙ্ক্ষিত ফলাফল নয়।

আমাদের আবাসন লক্ষ্য অর্জন করার জন্য ধাঁধার অতি গুরুত্বপূর্ণ অংশের প্রতিস্থাপন করতে আমাদেরকে আইনসভার সাথে কাজ করতে হবে।

সার্বিকভাবে এই পরিকল্পনাটি উচ্চাকাঙ্ক্ষী। কিন্তু নিউ ইয়র্ক তাদের নেতৃবৃন্দের কাছ থেকে এটিই প্রত্যাশা করে এবং এটিই তাদের প্রাপ্য।

আজকে আমরা বিলম্বকে না বলছি। আমরা এই সমস্যা সমাধানের জন্য আর কারো জন্য অপেক্ষা করবো না। আবাসন একটি মানবাধিকার।পর্যাপ্ত আবাসন নির্মাণ নিশ্চিত করার মাধ্যমে আমরা সেই অধিকার রক্ষা করতে পারবো।

একটি প্রচলিত কথা আছে যে, "সঙ্কটের সুযোগ কখনো বৃথা যেতে দিও না।" এবং আমরা এই সুযোগ নষ্ট হতে দিবো না। আমাদের প্রয়োজন সকলের এবং সকল সম্প্রদায়ের নিজ নিজ দায়িত্ব পালন করা।

আমাদের আবাসন সঙ্কট সমাধান করা নিউ ইয়র্ককে আরো সাশ্রয়ী করার জন্য একটি বিশাল অগ্রগামী ধাপ হবে। কিন্তু এটিকে একটি বৃহত্তর প্রয়াসের অংশ হতে হবে।

বাড়ির মালিকেরা এবং ভাড়াটিয়ারা তাদের বিদ্যুৎ বিল পরিশোধের ব্যাপারে উদ্বিগ্ন। কারণ এই হার এখন রেকর্ড পরিমাণ বেশি, যা আমাদের নিয়ন্ত্রণের বাইরের ভূরাজনৈতিক শক্তির দ্বারা বৃদ্ধি পেয়েছে, কিন্তু যার ধাক্কা এখানে আমাদের বাড়িতে আমাদের ওয়ালেটে এসে পড়েছে।

এই শীতকালে, আমাদের শক্তির মূল্য গত বছরের তুলনায় 20 থেকে 30 শতাংশ বেশি হবে। যা অনেক বেশি নিম্ন আয়ের পরিবারকে সিদ্ধান্ত নিতে বাধ্য করে: আমরা কি থার্মোস্ট্যাট বাড়িয়ে রাখবো? নাকি আমরা খাবারের ব্যবস্থা করবো?

কাউকে এই সিদ্ধান্ত নিতে হওয়া উচিত না। এবং নিউ ইয়র্কে যে দেশের সবথেকে পুরনো কিছু বাড়ি রয়েছে তা এই ব্যাপারে সাহায্য করছে না। এগুলি কম ইন্স্যুলেটেড, গরম করা বেশি কষ্ট, এবং এদের গ্রিনহাউজ নিঃসরণ অপেক্ষাকৃত বেশি।

প্রকৃতপক্ষে ভবন হলো আমাদের স্টেটের নিঃসরণের সর্ববৃহৎ উৎস, যা আমাদের গ্রিনহাউজ গ্যাস আউটপুটের এক তৃতীয়াংশের জন্য দায়ী, এবং সেই সাথে অ্যাজমা বাড়ানো ও আমাদের শিশুদের বিপদগ্রস্ত করার জন্যও তা দায়ী।

তাই আমাদের সবথেকে দুঃস্থ গৃহস্থালিগুলিকে অত্যধিক শক্তি বিল থেকে সুরক্ষা দান করতে এবং আরো টেকসই ভবিষ্যতের পথ পরিষ্কার করতে আমি আজকে পলিসির একটি উচ্চাকাঙ্ক্ষী সিরিজের প্রস্তাবনা করছি।

আমরা এটির নাম দিয়েছি "দ্য এমপাওয়ার প্লাস (The EmPower Plus)" কর্মসূচি, এবং এটি নিম্ন আয়ের পরিবারগুলিকে ইন্স্যুলেশন যোগ করে, অ্যাপ্লায়েন্স হালনাগাদ করে, এবং জীবাশ্ম জ্বালানি বদল করে পরিচ্ছন্ন বৈদ্যুতিক হিটিং ব্যবস্থায় মাধ্যমে তাদের বাসাকে রেট্রোফিট করতে সাহায্য করবে।

এই কর্মসূচিটি এক বছরের মধ্যে কয়েক হাজার গৃহস্থালিতে পৌঁছে যাবে। যেসব বাসা বিদ্যুতায়ন করবে তারা দেশের সর্বপ্রথম একটি শক্তি ক্রয়ক্ষমতা গ্যারান্টির (Energy Affordability Guarantee) জন্য যোগ্য হবে, এটি একটি প্রতিশ্রুতি যে তারা কখনোই তাদের উপার্জনের 6 শতাংশের বেশি বিদ্যুতের জন্য ব্যয় করবে না।

এবং এছাড়াও আমরা আমাদের উচ্চ বিদ্যুৎ বিল নিয়ে সমস্যায় থাকা বাসিন্দাদের চাপ কমাতে চাই। তাই আমরা 400,000-র বেশি ইউটিলিটি গ্রাহককে কমপক্ষে 165 মিলিয়ন মার্কিন ডলার ত্রাণ প্রদান করবো। আমরা জানি যে আমাদের ওয়ালেট ও আমাদের গ্রহের দীর্ঘমেয়াদি টেকসই হওয়ার একটি চাবিকাঠি হলো জীবাশ্ম জ্বালানি থেকে সরে আসা।

আমাদেরকে সেই পথে স্থাপন করার জন্য আমি 2030 সালের মধ্যে সবরকম নতুন জীবাশ্ম জ্বালানি চালিত হিটিং সরঞ্জাম বিক্রি শেষ করার পরিকল্পনা প্রস্তাব করতে যাচ্ছি।

এবং আমি সকল নতুন নির্মাণকাজকে নিঃসরণমুক্ত করার আহ্বান করছি, যা ক্ষুদ্র ভবনের জন্য 2025 সালে এবং বড় ভবনের জন্য 2028 সালে শুরু হবে। আমরা এই পদক্ষেপগুলি গ্রহণ করছি কারণ আমাদের গ্রহ, আমাদের সন্তান ও আমাদের নাতিনাতনিদের জন্য জলবায়ু পরিবর্তন এখনো সবথেকে বড় হুমকি হয়ে আছে।

2019 সালে, এই বিধিমালা নিঃসরণ হ্রাসের জন্য আগ্রাসী বাধ্যবাধকতা ও সময়সীমা নির্ধারণ করে দিয়েছিলো।

এবং এখন আমরা সেই পরিকল্পনা বাস্তবায়ন করছি। আমাদেরকে অবশ্যই তা বিবেচনার সাথে করতে হবে। এমন একটি উপায়ে যা ক্রয়ক্ষমতাকে অগ্রাধিকার দেয়, ইতিমধ্যে বেঁচে থাকতে সংগ্রাম করছে যারা তাদের রক্ষা করে এবং অতীতের পরিবেশ সংক্রান্ত অবিচার সঠিক করে।

এই ব্যাপারটি মাথায় রয়েছে আমরা গ্রিনহাউজ নিঃসরণ সীমিত করার জন্য, পরিচ্ছন্ন শক্তির অর্থনীতিতে বিনিয়োগ করার জন্য, এবং আমাদের পরিবারসমূহের স্বাস্থ্য ও অর্থনৈতিক সুস্থতাকে অগ্রাধিকার প্রদানের জন্য দেশের শীর্ষস্থানীয় একটি ক্যাপ-এবং-বিনিয়োগ কর্মসূচি নিতে যাচ্ছি।

বড় নিঃসরণকারী দূষণকারী জ্বালানি বিক্রির জন্য অনুমতি ক্রয় করতে হবে। যেই জ্বালানি যত অপরিচ্ছন্ন, তার মূল্য তত বেশি হবে। এবং কর্মসূচিটির "বিনিয়োগ" অংশটি পরিচ্ছন্ন শক্তিতে রূপান্তরকে ত্বরান্বিত করবে এবং এতে একটি 1 বিলিয়ন মার্কিন ডলার রাজস্ব অর্জনকারী সার্বজনীন জলবায়ু পদক্ষেপ রিবেট থাকবে যা ইউটিলিটি বিল, পরিবহন ব্যয়, এবং ডিকার্বোনাইজেশন প্রয়াসে সাহায্য করার জন্য আমরা বরাদ্দ করবো।

এবং ক্যাপ-এবং-বিনিয়োগের সবথেকে ভালো দিক হলো এটি আমাদেরকে নমনীয়তা প্রদান করে, ফলে আমরা সবথেকে বড় দূষণকারীদের উপর আমাদের প্রয়াসকে কেন্দ্রীভূত করতে পারবো, এবং নিশ্চিত করতে পারবো যাতে পরিবার, খামার, এবং ক্ষুদ্র ব্যবসা এই ব্যয় দ্বারা চাপগ্রস্ত না হয়।

আমরা পরিবারগুলিকে শক্তির ব্যয় ও ভবিষ্যতে রূপান্তরে সাহায্য করছি কারণ আমরা জানি যে ভবিষ্যৎ আমাদের সন্তানদের জন্য।

স্টেটকে নেতৃত্ব দেওয়া প্রথম মা হিসেবে আমি নিজের অভিজ্ঞতা জানি সাশ্রয়ী চাইল্ডকেয়ারের অভাব পরিবারের উপর কী প্রভাব ফেলে।

কিন্তু গভর্নর হিসেবে, আমি স্টেটের অর্থনীতির উপর প্রভাবও জানি। 35 বছরের বেশি আগে আমি ক্যাপিটল হিলে (Capitol Hill) সিনেটর ড্যানিয়েল প্যাট্রিক ময়নিহানের জন্য কাজ করছিলাম।

আমি আমার চাকরিকে ভালোবাসতাম, কিন্তু সেখানে আমার ক্রয়ক্ষমতার মধ্যে কোনও চাইল্ড কেয়ার বিকল্প ছিলো না। তাই আমার সন্তানদের লালনপালন করার জন্য আমাকে আমার ক্যারিয়ারে বিরতি দিতে হয়েছিলো।

প্রায়শই মাদেরকে এই বিশাল আত্মত্যাগ করতে হয়। সেজন্য গত বছরের বাজেটে চার বছরের জন্য সাশ্রয়ী চাইল্ড কেয়ারের জন্য 7 বিলিয়ন মার্কিন ডলার ঘোষণা করতে পেরে আমি গর্বিত, এবং আমরা এটি করতে একত্রে কাজ করেছি।

আমরা বহু পরিবারের নিজেদের অর্থ ব্যয় কমিয়ে এনেছি এবং যেসব এলাকায় ব্যাপক ঘাটতি ছিলো সেখানে সেবার সরবরাহ বিস্তৃত করেছি। কিন্তু অনেক বেশি পরিবার উপলভ্য সংস্থানের অ্যাক্সেস পাচ্ছে না।

চাইল্ড কেয়ার সহায়তা পাওয়ার যোগ্য পরিবারের 10 শতাংশের কম নিবন্ধিত আছে। এটি হলো ইচ্ছাপূর্বকভাবে কঠিন একটি ব্যবস্থা তৈরি করার লিগেসি। এটি বদলাতে হবে।

আমাদের পরিকল্পনা চাইল্ডকেয়ার আবেদন প্রক্রিয়াকে সরলতর এবং কেন্দ্রীয় করবে, সবথেকে দুঃস্থ পরিবারের জন্য অ্যাক্সেস সম্প্রসারিত করবে, আয়ের যোগ্যতা বৃদ্ধি করবে, কো-পে হ্রাস করবে, এবং একইসাথে কর্মজীবী পিতামাতার জন্য অপরিহার্য চাইল্ড কেয়ার প্রদানকারীদের সমর্থন করবে।

এখন যদি আমরা সত্যিই ক্রয়ক্ষমতা সঙ্কটের মোকাবেলা সামনে থেকে করতে চাই, তাহলে আমাদেরকে অবশ্যই উপলব্ধি করতে হবে যে নিম্ন আয়ের কর্মীরা উচ্চ মুদ্রাস্ফীতি দ্বারা সবথেকে বেশি ক্ষতিগ্রস্ত হচ্ছে।

নিম্ন আয়ের গৃহস্থালির জন্য মাসিক গড় পণ্য ও শক্তির ব্যয় মাত্র দুই বছরে 13 শতাংশের বেশি বৃদ্ধি পেয়েছে।

এটি কিনারায় থাকা পরিবারগুলিকে সহনসীমার বাইরে ঠেলে দেয়। তাই, ন্যায্যতা ও সামাজিক ন্যায়বিচারের কথা বিবেচনা করে আমি সর্বনিম্ন বেতনকে মুদ্রাস্ফীতির সাথে যুক্ত করার একটি প্রস্তাবনা প্রদানের পরিকল্পনা করছি।

যদি মূল্য বৃদ্ধি পায়, তাহলে বেতনও বৃদ্ধি পাবে। অন্য যেইসব স্টেট এই পলিসি বাস্তবায়ন করেছে তাদের মতো আমরাও চাকরিদাতাদের জন্য অনুমেয় বৃদ্ধি করার জন্য গার্ডরেইল স্থাপন করবো, এবং মন্দার ঘটনার ক্ষেত্রে নমনীয়তা সৃষ্টি করবো।

কিন্তু এই গুরুত্বপূর্ণ পরিবর্তনটি প্রায় 900,000 সর্বনিম্ন বেতনের কর্মীদের একটি লাইফলাইন প্রদান করবে। এই কর্মীদের বেশিরভাগ নারী, যাদের বেশিরভাগ একা মা, এবং তাদের বেশিরভাগ অশ্বেতাঙ্গ।

তাদের পকেটে আরো অর্থ প্রদান করা হলে তা তাদেরকে ও আমাদের সামগ্রিক অর্থনীতিকে সাহায্য করবে, যেহেতু এই অর্থ স্থানীয় ব্যবসা ও সেবায় ব্যবহৃত হবে।

এইসব উদ্যোগ ও পলিসি, নতুন বিনিয়োগ ও পন্থা হলো আইসবার্গের চূড়ামাত্র।

আপনারা আমার থেকে যা শুনলেন তা হলো নিউ ইয়র্কবাসীদের জীবন উন্নত করার জন্য আমার শীর্ষ অগ্রাধিকারসমূহ।
কিন্তু এটি কোনও অবস্থাতেই সমগ্র তালিকা নয়। প্রকৃতপক্ষে আমি জানি যে আপনাদের মধ্যে অনেকেই আমাদের 275 পৃষ্ঠার বইটি পড়ার জন্য আগ্রহী যেখানে 147টি চিন্তাশীল পলিসি প্রস্তাবনা রয়েছে।

কিন্তু সংক্ষেপে পুনরাবৃত্তি করছি: আমার লক্ষ্য অকপট ও স্পষ্ট। আমরা নিউ ইয়র্ককে নিরাপদতর করবো। আমরা নিউ ইয়র্ককে আরো সাশ্রয়ী করবো। আমরা আজকের ও আগামী দিনের নিউ ইয়র্কবাসীদের জন্য আরো কর্মসংস্থান ও সুযোগ সৃষ্টি করবো।

ঐতিহাসিকভাবে ন্যায্য সুযোগ থেকে বঞ্চিত সম্প্রদায়সমূহের ও ব্যক্তিদের জন্য আমরা সাফল্যের দুয়ার উন্মুক্ত করে দিবো।

মৌলিক ও অপরিহার্য অধিকারের ক্ষেত্রে অন্য স্টেটগুলি যখন পেছনের দিকে যাচ্ছে, আমরা তখন সেই অধিকারসমূহ রক্ষা ও প্রতিপালন করবো। আমরা সকল উপায়ে দেশকে নেতৃত্ব দিয়ে যাবো।

আমাদের সামনের কাজ খুবই কঠিন এবং ঝুঁকি এর থেকে বেশি হতে পারে না। কিন্তু আমি এমন একটি বাড়িতে থাকার সৌভাগ্য পেয়েছি যেখানে একসময় আমাদের স্টেটের মহানতম নেতা ও চিন্তাবিদ থাকতেন, যার নাম রুজভেল্ট।

এলেনোর রুজভেল্ট একবার বলেছিলেন, তোমরা যারা নতুন একটি বিশ্ব গঠন করবে, তাদের অবশ্যই সাহসিকতার সাথে অগ্রসর হতে হবে। আমরা একটি নতুন বিশ্ব গঠন করবো।এবং আমরা সাহসী হবো।
আমরা কঠিন কাজগুলি করবো, প্রয়োজনীয় কাজগুলি করবো, নিউ ইয়র্কবাসীদের উত্থিত ও সমর্থন করবো এবং তাদের নিউ ইয়র্ক স্বপ্ন বাস্তবায়ন করার পথ পরিষ্কার করে দিবো।

এটি নিউ ইয়র্কের মানুষের কাছে আমার প্রতিশ্রুতি, এবং আমি সেই প্রতিশ্রুতি রক্ষা করতে আইনসভার সদস্যদের সাতে কাজ করবো।

ঈশ্বর মহান নিউ ইয়র্ক স্টেটের এবং আমেরিকার মঙ্গল করুন। ধন্যবাদ।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418